

প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: ১৫ অক্টোবর ২০২৩ তারিখে বরিশাল বিভাগীয় কার্যালয়ের ০২ টি টিম কর্তৃক বরিশাল মহানগরীর পরিচালিত বাজার তদারকি কার্যক্রম সংক্রান্ত প্রেস বিজ্ঞপ্তি।

জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বরিশাল বিভাগীয় কার্যালয় কর্তৃক ১৫/১০/২০২৩ খ্রি: তারিখে উপপরিচালক জনাব অপূর্ব অধিকারী এবং সহকারী পরিচালক জনাব ইন্দ্রানী দাস এর নেতৃত্বে ০২ টি তদারকি টিম বরিশাল মহানগরীর ধোপা বাড়ির মোড় গোরস্থান রোড এলাকায় অভিযান পরিচালনা করে। উক্ত অভিযানে উপপরিচালক জনাব অপূর্ব অধিকারী ধোপা বাড়ির মোড় গোরস্থান রোড এলাকায় আনিম স্টোর কে প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে সরবরাহ না করা ও মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয় বা বিক্রয়ের প্রস্তাব করার অপরাধে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ৪৫ ও ৫১ ধারা অনুযায়ী ৮,০০০/- টাকা জরিমানা আরোপ ও আদায় করেন। অপরদিকে জনাব ইন্দ্রানী দাস একই এলাকায় মা ডিপার্টমেন্টাল স্টোর কে পণ্যের মোড়কে উৎপাদন ও মেয়াদ উত্তীর্ণের তারিখ ও সর্বোচ্চ খুচরা বিক্রয় মূল্য না থাকা ও মূল্য তালিকা প্রদর্শন না করার অপরাধে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ৩৭ ও ৩৮ ধারা অনুযায়ী ৩,০০০/- টাকা, মা মেডিকেল হল কে প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে সরবরাহ না করা ও মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয় বা বিক্রয়ের প্রস্তাব করা অপরাধে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ৪৫ ও ৫১ ধারা অনুযায়ী ১৭,০০০/- টাকাসহ সর্বমোট ২০,০০০/- টাকা জরিমানা আরোপ ও আদায় করেন। আজকের ০২ টি অভিযানে ০৩ টি প্রতিষ্ঠানে সর্বমোট ২৮,০০০/- টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। অভিযান চলাকালে উপস্থিত ভোক্তাদের মাঝে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ সম্পর্কিত লিফলেট ও প্যাম্ফলেট বিতরণ করা হয় এবং পণ্য বা সেবা ক্রয়ে প্রতারণিত হলে অধিদপ্তরে অভিযোগ দায়েরের ব্যাপারে উদ্বুদ্ধ করা হয়। বরিশাল মেট্রোপলিটন থানা পুলিশ এর একটি টোকস টিমের সহায়তায় উপর্যুক্ত অভিযান পরিচালিত হয়েছে। জনস্বার্থে এই অভিযান অব্যাহত থাকবে।

APD

১৫-১০-২০২৩

অপূর্ব অধিকারী

উপপরিচালক

ফোন: ০২৪৭৮৮৬২০৪২

ইমেইল: dd-
barisal@dncrp.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মহাপরিচালক, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
- ২) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল।
- ৩) পুলিশ কমিশনার, বরিশাল।
- ৪) জেলা প্রশাসক, বরিশাল।
- ৫) অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল।
- ৬) সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, বরিশাল বিভাগীয় কার্যালয়, বরিশাল।
- ৭) অফিস কপি।